

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২৩৮

আগরতলা, ১৫ ডিসেম্বর, ২০২৩

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের কর্ম বিষয়ক স্থায়ী কমিটির সভা

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের কনফারেন্স হলে আজ জিলা পরিষদের কর্ম বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি হরিদুলাল আচার্য সভায় সভাপতিত্ব করেন। সভায় উপস্থিত ছিলেন কমিটির অন্যান্য সদস্যগণ ও সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগণ। সভায় পূর্ত দপ্তরের জিরানীয়া ডিভিশনের প্রতিনিধি জানান, জিরানীয়া মহকুমায় এখন পর্যন্ত ১৯.৯১ কিলোমিটার রাস্তার সংস্কার ও উন্নয়ন করা হয়েছে। সুবর্ণ জয়স্তী স্কিমে আরও ৬টি রাস্তার উন্নতিকরণ করা হবে। পূর্ত দপ্তরের মোহনপুর ডিভিশনের প্রতিনিধি সভায় জানান, চলতি বছরে জিলা পরিষদের ফান্ডে মোহনপুর মহকুমায় ৩টি শৌচালয় নির্মাণ করা হয়েছে। ১টি যাত্রী শেড নির্মাণের কাজ চলছে। এছাড়া লেফুঙ্গা রাকে ৯ কিলোমিটার রাস্তার সংস্কার কাজও চলছে। পূর্ত দপ্তরের বিশালগড় ডিভিশনের প্রতিনিধি সভায় জানান, জেলার ডুকলি রাক এলাকার ২৩.৯৬ কিলোমিটার রাস্তার উন্নয়ন ও সংস্কার কাজ চলছে। পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ফান্ডে ৯টি উন্নয়ন কাজের মধ্যে ৮টি উন্নয়ন কাজ শেষ হয়েছে। সভায় বিদ্যুৎ নিগমের প্রতিনিধি জানান, চলতি বছরে এখন পর্যন্ত জেলার ১১৬টি স্মল বোরের পাস্প হাউসে ও ৩৮টি গভীর নলকূপের পাস্প হাউসে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে। তাছাড়াও জলসেচের ৯টি গভীর নলকূপের পাস্প হাউসে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে।
